



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা



বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd
ফ্যাক্স: ০২-৮১৯১০১৯

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র প্রশাসন শাখা পরিদর্শনের প্রতিবেদন।

নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ০৪ এপ্রিল ২০২১ খ্রি. তারিখে সকাল ১১ টা থেকে বেলা ২ টা পর্যন্ত প্রশাসন শাখা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে শাখার অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব আবুল খায়ের এবং অফিস সহায়ক কায়ুম প্রধান নিম্নস্বাক্ষরকারীকে সহযোগিতা করেন। এখানে উল্লেখ্য যে, প্রশাসন শাখা পদ সৃষ্টি, সংরক্ষণ ও স্থায়ীকরণ, নিয়োগ, পদায়ন ও বদলী, শৃংখলা ও আপিল, ক্রয়, ছুটি, আইন, বিধি, নীতিমালা প্রণয়ন সংক্রান্ত ইত্যাদি দায়িত্ব পালন করে থাকে। প্রশাসন শাখা পরিদর্শনপূর্বক প্রাপ্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো:

ক্রম	বিষয়	বিবরণ	মন্তব্য
১	রেজিস্টার সংক্রান্ত তথ্য	এ শাখায় ০১ টি ডাক রেজিস্টার, ০১ টি নথি রেজিস্টার, ০১ টি ইস্যু রেজিস্টার, ০১ টি স্ট্যাম্প রেজিস্টার রয়েছে।	০১ টি নথি মুভমেন্ট রেজিস্টার ও ০১ টি শাখা পরিদর্শন রেজিস্টার থাকা জরুরি।
২	হাজিরা খাতা	কর্মচারীদের জন্য শাখায় ০১ টি হাজিরা খাতা রয়েছে।	ডিজিটাল হাজিরা প্রদান কার্যক্রম শুরু হওয়ার পূর্ব পর্যন্ত এটি চলমান ছিল।
৩	হার্ড নথি	এ শাখায় ৪৪ টি হার্ড নথি রয়েছে।	কিছু কিছু হার্ড নথিতে পৃষ্ঠা সংখ্যা ও পত্র জারি নম্বর পাওয়া যায়নি। তবে পরবর্তীতে যুক্ত করার উদ্যোগ নেয়া হয়েছে।
৪	ই-নথি	এ শাখায় ৫৪ টি ই-নথি রয়েছে। ৯৫ শতাংশ কার্যক্রম ই-নথিতে নিষ্পন্ন হয়।	গুরুত্বপূর্ণ ই-নথি হার্ড কপিতে সংরক্ষণ করা হচ্ছে।
৫	কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি	০১ টি কম্পিউটার, ০১ টি স্ক্যানার এবং ০১ টি ফটোকপিয়ার মেশিন রয়েছে।	এ শাখার জন্য ০১ টি উন্নত মানের কম্পিউটার অথবা ল্যাপটপ এবং ০১ টি লিগ্যাল স্ক্যানার প্রয়োজন।
৬	আসবাবপত্র	০২ টি আলমিরা, ০৩ টি ফাইল কেবিনেট, ০২ টি ফাইল র্যাক, ০১ টি এক্সিকিউটিভ টেবিল, ০১ টি কম্পিউটার টেবিল, ০৬ টি চেয়ার, ০২ টি ফ্যান ও ০১ টি দেয়াল ঘড়ি রয়েছে।	
৭	টেলিফোন	০১ টি টেলিফোন ও ০১ টি ইন্টারকম রয়েছে।	টেলিফোন নম্বর ০২-৫৫০০০৪৭ এবং ইন্টারকম নম্বর ১০৪

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র প্রশাসন শাখার সামগ্রিক কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান। জাতীয় শূদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা কার্যক্রম ৮.৩ অনুযায়ী প্রশাসন শাখা পরিদর্শনপূর্বক কতিপয় সুপারিশ প্রয়োজনীয় কার্যার্থে কর্তৃপক্ষকে সদয় অবহিত করা হলো।

A. Jahan
29/04/2021

(রেজওয়ানা আক্তার জাহান)

সহকারী পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৫৫০০০৪২৭

ইমেইল: ad.admin@pmeat.gov.bd

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.১৮.০০১.১৮-১২৪, তারিখ: ২৭ মে ২০২১, ১৩ জ্যৈষ্ঠ, ১৪২৮

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ২। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (উপবৃত্তি, পরিকল্পনা ও উন্নয়ন, অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব (অ: দা:), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৭। অফিস কপি।